ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাড়ি নং-০৪, রোড নং-২১, সেক্টর নং-০৪
উত্তরা, ঢাকা-১২৩০
www.dhakabrt.gov.bd

স্মারক নং- ৩৫.০৬.০০০০.০০৭.১১.০০২.২৪- ৭৪০/২

তারিখ: ১৯ সেপ্টেম্বর, ২০২৪ / ০৪ ভাদ্র, ১৪৩১

## নিয়োগ বিজ্ঞপ্তি

'ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি)' একটি শতভাগ সরকারি মালিকানাধীন কোম্পানী। কোম্পানীর বর্ণিত শূন্য পদসমূহের বিপরীতে উল্লিখিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশের নাগরিকগণের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম ও বেতন | পদ সংখ্যা | বয়স | কর্মপরিধি | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | **উপ-মহাব্যবস্থাপক (অপারেশন)**<br>কোম্পানী গ্রেড-০৩<br>মূল বেতন ১,০৫,০০০/- এবং বিধি-মোতাবেক অন্যান্য ভাতাদি | ০১ | অনূর্ধ্ব ৫০ বৎসর | - সরঞ্জাম সরবরাহ, অবকাঠামো উন্নয়ন, যানবাহন পরিচালনা, রাজস্ব ব্যবস্থাপনা, নিরাপত্তা ও যাত্রীসেবা চুক্তি সম্পাদন;<br>- বাস অপারেটর ও বাস অপারেটিং চুক্তির শর্ত পরিপালন;<br>- পরিবহন পরিকল্পনা প্রণয়ন;<br>- বিআরটি বাস অপারেশন নিয়ন্ত্রণ ও যোগাযোগ ব্যবস্থাপনা;<br>- বিআরটি সিস্টেম ও রুট পরিকল্পনা;<br>- আইটিএস কমিউনিকেশন অ্যান্ড কন্ট্রোল সিস্টেম ব্যবস্থাপনা;<br>- বিআরটি বাসের যাত্রীসেবা সুরক্ষা ও নিরাপত্তা ব্যবস্থাপনা;<br>- বিআরটি সার্ভিসের অবকাঠামো ও অপারেশন পরিকল্পনা;<br>- বিআরটি যাত্রীসেবার মান উন্নয়নে বিভিন্ন সমীক্ষা ও গবেষণা কার্যক্রম গ্রহণ;<br>- বিভিন্ন সময়ে কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা। | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ৫.০ স্কেলে ৩.৫, ৪.০ স্কেলে ২.৫ সিজিপিএ বা সমমানের ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা সড়ক পরিবহন সংক্রান্ত কোন বিষয়ে অনুরুপ সিজিপিএ বা সমমানের স্নাতক ডিগ্রী; তবে শিক্ষাজীবনে কোন তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br><br>অন্যূন ১২ বৎসর কর্ম অভিজ্ঞতা, তন্মধ্যে অনূন্য ২ বৎসর সংশ্লিষ্ট ক্ষেত্রে উর্ধ্বতন পদে কর্ম অভিজ্ঞতাসহ অংশীদারী নেতৃত্ব প্রদানে সক্ষমতা। সড়ক পরিবহন খাতে অভিজ্ঞ প্রার্থী অগ্রগণ্য। |
| ২. | **উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও প্রশাসন)**<br>কোম্পানী গ্রেড-০৩<br>মূল বেতন ১,০৫,০০০/- এবং বিধি-মোতাবেক অন্যান্য ভাতাদি | ০১ | অনূর্ধ্ব ৫০ বৎসর | - প্রশাসনিক ব্যবস্থাপনা;<br>- বেতন-মজুরিসহ মানবসম্পদ ব্যবস্থাপনা;<br>- প্রশিক্ষণ ও মানবসম্পদ উন্নয়ন;<br>- বাজেটিং;<br>- হিসাব ও আর্থিক ব্যবস্থাপনা;<br>- অভ্যন্তরীন নিরীক্ষণ;<br>- রাজস্ব ব্যবস্থাপনা (বাস ভাড়া, পার্কিং এবং বিজ্ঞাপন;<br>- ক্লিয়ারিং হাউজ ব্যবস্থাপনা;<br>- বাস বহর উন্নয়ন ফান্ড ব্যবস্থাপনা; এবং<br>- সময়ে সময়ে কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা। | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ৫.০ স্কেলে ৩.৫, ৪.০ স্কেলে ২.৫ সিজিপিএ বা সমমানের হিউম্যান রিসোর্স/ ম্যানেজমেন্ট/ কমার্স/ ফিন্যান্স/ একাউন্টিং/ বিজনেস এডমিনিস্ট্রেশন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী; তবে শিক্ষাজীবনে কোন তৃতীয় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br><br>অন্যূন ১২ বৎসর কর্ম অভিজ্ঞতা, তন্মধ্যে অনূন্য ২ বৎসর সংশ্লিষ্ট ক্ষেত্রে উর্ধ্বতন পদে কর্ম অভিজ্ঞতাসহ অংশীদারী নেতৃত্ব প্রদানে সক্ষমতা। |

| ক্রম | পদের নাম ও বেতন | পদ সংখ্যা | বয়স | কর্মপরিধি | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ৩. | **ব্যবস্থাপক (প্রশাসন)**<br>কোম্পানী গ্রেড-০৪<br>মূল বেতন<br>৭৯,০০০/- এবং<br>বিধি-মোতাবেক<br>অন্যান্য ভাতাদি | ০১ | অনূর্ধ্ব ৪০ বৎসর | - প্রশাসনিক ও মানব সম্পদ ব্যবস্থাপনা কৌশল প্রণয়ন;<br>- মানব সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা;<br>- নিয়োগ, মূল্যায়ন এবং প্রশিক্ষণ;<br>- পদ্ধতি ও রীতিনীতি উন্নয়ন এবং বাস্তবায়ন; এবং<br>- সময়ে সময়ে কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা। | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ৫.০ স্কেলে ৩.৫, ৪.০ স্কেলে ২.৫ সিজিপিএ বা সমমানের হিউম্যান রিসোর্স/ ম্যানেজমেন্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী তবে শিক্ষাজীবনে কোন তৃতীয় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br><br>অন্যূন ৮ (আট) বৎসর সংশ্লিষ্ট ক্ষেত্রে কর্ম অভিজ্ঞতাসহ অংশীদারী নেতৃত্ব প্রদানে সক্ষমতা থাকতে হবে। |
| ৪. | **ব্যবস্থাপক (নিরাপত্তা) ব্লক পোস্ট**<br>কোম্পানী গ্রেড-০৪<br>মূল বেতন<br>৭৯,০০০/- এবং<br>বিধি-মোতাবেক<br>অন্যান্য ভাতাদি | ০১ | অনূর্ধ্ব ৪৫ বৎসর | - ঢাকা বিআরটি কোম্পানির জন্য নিরাপত্তা পরিকল্পনা প্রস্তুতকরণ;<br>- ঢাকা বিআরটি অফিস, ডিপো, করিডোর ও স্টেশনসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ;<br>- বিআরটি করিডোর ও চলমান সড়কের নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়ন ও পর্যবেক্ষণ;<br>- দুর্ঘটনা ও জরুরী পরিস্থিতিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;<br>- নিরাপত্তা সচেতনতা বাড়ানোর জন্য প্রয়োজনীয় প্রচার ও প্রচারণা;<br>- নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে মিডিয়া, পুলিশ, সরকারি সংস্থা ইত্যাদির সাথে নিয়মিত যোগাযোগ;<br>- সময়ে সময়ে কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা। | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ৫.০ স্কেলে ৩.৫, ৪.০ স্কেলে ২.৫ সিজিপিএ বা সমমানের যেকোন বিষয়ে স্নাতক ডিগ্রী; তবে শিক্ষাজীবনে কোন তৃতীয় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়। সামরিক, আধাসামরিক ও আইনশৃঙ্খলা বাহিনীতে কর্মঅভিজ্ঞ প্রার্থী অগ্রগণ্য।<br><br>অন্যূন ৮ (আট) বৎসর সংশ্লিষ্ট ক্ষেত্রে কর্ম অভিজ্ঞতাসহ অংশীদারী নেতৃত্ব প্রদানে সক্ষমতা থাকতে হবে। |

<u>অন্যান্য শর্তাবলি:</u>

১. নিয়োগ বিজ্ঞপ্তি www.rthd.gov.bd, dtca.portal.gov.bd, rhd.portal.gov.bd, www.dhakabrt.gov.bd ও http://dbrt.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

২. প্রার্থীগণকে http://dbrt.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশপূর্বক Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন করার পদ্ধতি উল্লিখিত ওয়েবসাইট হতে বিস্তারিত জানা যাবে। আগামী ১৫ সেপ্টেম্বর ২০২৪ হতে ১৪ অক্টোবর ২০২৪ রাত ১২:০০ টা পর্যন্ত আবেদন করা যাবে। পূরণকৃত আবেদনপত্র অবশ্যই ডাউনলোডের মাধ্যমে সংরক্ষণ করতে হবে। আবেদন ফরম পূরণের সর্বশেষ সময়ের পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে শুধু আবেদন ফি জমা প্রদান করা যাবে।

৩. ১৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৪ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে।

৪. পরীক্ষার ফি প্রদান: পরীক্ষার ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১১৫/- (একশত পনেরো) টাকা (অফেরতযোগ্য), অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

৫. সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণকে (নির্ধারিত বয়স সীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক আবেদন করতে হবে এবং সকল চাকুরিরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূলকপি জমা দিতে হবে।

৬. ঢাকা বিআরটি কোম্পানীর "কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৯" অনুযায়ী বেতন-ভাতা, যৌথ বীমা, ভবিষ্য তহবিল, গ্র্যাচুইটি, পেনশন ইত্যাদিসহ অন্যান্য সুবিধা নির্ধারিত হবে। আয়কর সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত আইন প্রযোজ্য হবে।

৭. আবেদনকৃত প্রার্থীগণের মধ্যে হতে বাছাইকৃত ও যোগ্য প্রার্থীগণকে পরীক্ষার জন্য ডাকা হবে। ক্ষেত্রমতে, প্রার্থীগণের লিখিত পরীক্ষা/ পরীক্ষাসমূহের ফলাফল অনুযায়ী প্রস্তুতকৃত মেধাক্রমের ভিত্তিতে উপযুক্ত প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অগ্রগণ্য হবে।

৮. পদের পাশে উল্লিখিত প্রার্থীগণের সর্বোচ্চ বয়স মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী নির্ধারিত হবে।

৯. 'ও লেভেল' এবং 'এ লেভেল' এর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সনদ, বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সনদ অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

১০. একজন প্রার্থী কেবলমাত্র ০১ টি পদের জন্য আবেদন করতে পারবেন।

১১. কোনো পর্যায়ের পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোনো টিএ / ডিএ প্রদান করা হবে না।

১২. চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে অবশ্যই যথোপযুক্ত নির্ধারিত চিকিৎসক / চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১৩. মৌখিক পরীক্ষার সময় পরীক্ষার্থীগণকে অবশ্যই আবেদনে উল্লিখিত সকল সনদ, অভিজ্ঞতা, প্রশিক্ষণ ও জাতীয় পরিচয়পত্র (এনআইডি) এর মূল কপি প্রদর্শন এবং সকল কাগজপত্রের এক কপি সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।

১৪. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫. তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান পূর্বক চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬. পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য আবেদনকারী কর্তৃক প্রদত্ত মোবাইল ফোন নম্বরে এসএমএস এর মাধ্যমে প্রদান করা হবে। এছাড়া টেলিটক এর ওয়েবসাইট http://.dbrt.teletalk.com.bd এবং ঢাকা বিআরটি এর ওয়েবসাইট www.dhakabrt.gov.bd এ অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে।

১৭. কর্তৃপক্ষ প্রয়োজনে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ সংশোধন/বাতিল/স্থগিত করতে পারবে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোনো বিষয় বা অংশের অধিকতর ব্যাখ্যার প্রয়োজন হলে নিয়োগকারী কর্তৃপক্ষের ব্যাখ্যা প্রাধান্য পাবে।

**মো: সাইফুল ইসলাম**
কোম্পানী সচিব
০২-৪৮৯৫৯১০২
cs.dbrtc@gmail.com

ঢাকা বিআরটি এর ওয়েবসাইট প্রবেশ এর QR Code

ঢাকা বিআরটি এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

**<u>অন-লাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান পদ্ধতিঃ</u>**

ক. আবেদন http://dbrt.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি দাখিল করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

i) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: ১৫/০৯/২০২৪ খ্রি: সকাল ০৯:০০ টা।
ii) Online এ আবেদনপত্র পূরণ ও জমাদানের শেষ তারিখ: ১৪/১০/২০২৪ খ্রি:, রাত ১২:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বর থেকে দুটি SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী ০১টি User ID, ছবি এবং স্বাক্ষর যুক্ত ০১টি Application Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Print অথবা Download করে সংরক্ষণ করবেন।

Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং এই User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে দুটি SMS করে সফলভাবে দাখিলকৃত আবেদনকারীগণকে আবেদনের ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে **উপ-মহাব্যবস্থাপক (অপারেশন), উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও প্রশাসন), ব্যবস্থাপক (প্রশাসন), ব্যবস্থাপক (নিরাপত্তা) পদের জন্য আবেদন ফি ১০০০/- (এক হাজার) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১১৫/- (একশত পনেরো) টাকাসহ সর্বমোট ১,১১৫/- (এক হাজার একশত পনেরো) টাকা (অফেরতযোগ্য)** অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **<u>কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।</u>** Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থায় গৃহীত হবে না।

**প্রথম ধাপ: SMS**: DBRT<space>**User_ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **DBRT ABCDEF** and send to 16222

Reply: Applicant's Name, Tk-1,115/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DBRT<space>Yes<space>Pin and Send to 16222.

**দ্বিতীয় ধাপ: DBRT**<space>**Yes**<space>**Pin** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **DBRT Yes 12345678** & Send to 16222

Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for DBRT Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dbrt.teletalk.com.bd, www.dhakabrt.gov.bd এই ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online এ আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি পরীক্ষায় অংশ গ্রহণের সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র Teletalk Pre-Paid Mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে: **DBRT**<space>**Help**<space>**User**<space>**User_ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: **DBRT Help User ABCDEF** & Send to 16222
ii) Pin Number জানা থাকলে: **DBRT**<space>**Help**<space>**PIN**<space>**PIN_No** লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: **DBRT Help Pin 12345678** & Send to 16222

ঝ. Online আবেদন এ টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও www.rthd.gov.bd, www.dtca.portal.gov.bd, www.rhd.portla.gov.bd, www.dhakabrt.gov.bd এই ওয়েবসাইটে এবং QR কোড স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল (https://alljobs.teletlak.com.bd) এ পাওয়া যাবে।

ট. Online আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletlak.com.bd অথবা vas.query@teletalk.com.bd বা dbrtcl13@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: DBRT Post Name:*****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

ঠ. ডিক্লারেশন: প্রার্থীকে Online আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে যথেষ্ট সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ করার পরামর্শ দেয়া হলো। ***